

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৬০
খোয়াই, ১২ মার্চ, ২০২৪

বিলাধন রিয়াং চৌধুরী পাড়া হাইস্কুলে ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন

জনজাতি অধ্যুষিত এলাকায় উন্নত শিক্ষার পরিকাঠামো গড়ে

তুলতে সরকার পদক্ষেপ নিয়েছে : জনজাতি কল্যাণ মন্ত্রী

শিক্ষা ছাড়া সমাজ তথা দেশের উন্নতি সম্ভব নয়। জনজাতি অংশের মানুষের কল্যাণ ও জনজাতি অধ্যুষিত এলাকায় উন্নত শিক্ষার পরিকাঠামো গড়ে তুলতে সরকার পদক্ষেপ নিয়েছে। আজ মুঙ্গিয়াকামী ব্লকের আঠারমুড়া ভিলেজের বিলাধন রিয়াং চৌধুরী পাড়া হাইস্কুলের ৫০ শয্যাবিশিষ্ট ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং মুঙ্গিয়াকামী ব্লকেরই উত্তর মাহারানী ভিলেজের বলরাম কোবরা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ১০০ শয্যাবিশিষ্ট ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপনের অনুষ্ঠানটি হয় ৪৩ মাইল বাজার সংলগ্ন কমিউনিটি হলে। ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপনের অনুষ্ঠানটি হয় রাসমোহন সাধুপাড়ায়। দুটি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, গুণগত শিক্ষার প্রসারের উপর রাজ্যের বর্তমান সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। ছাত্রছাত্রীরা যাতে প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে উঠতে পারে সেজন্য নানা উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য কমল কলই বলেন, শিক্ষার উন্নয়নে রাজ্য সরকারের পাশাপাশি এডিসি'র প্রশাসনও সমান গুরুত্ব দিয়ে কাজ করছে। প্রতিটি ছেলেমেয়েকে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত করে তুলতে এবং নেশার বিরুদ্ধে প্রবল জনমত গড়ে তুলতে তিনি সবার প্রতি আহ্বান জানান। বলরাম কোবরা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, রাজ্যের বর্তমান সরকার মানুষের কল্যাণে পাহাড় ও সমতলে সমান ভাবে কাজ করে চলেছে। দুটি অনুষ্ঠানেই স্বাগত বক্তব্য রাখেন এডিসি'র চিফ ইঞ্জিনিয়ার টিংকু জমতিয়া। সভাপতিত্ব করেন সমাজসেবী প্রণজিৎ দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক শীর্ষেন্দু দেববর্মা ও জনজাতি কল্যাণ দপ্তরের অতিরিক্ত অধিকর্তা আনন্দহরি জমতিয়া।
